আজকের কাগজ

তারিখ 03 OCT 1991
পৃষ্ঠা ... কলাম 8

77

# গতকাল ক্যাম্পাস মোটামুটি শান্ত ছিলো

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** গত ক'দিনে ক্যাম্পাসে সন্ত্রাসী কার্যকলাপের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল, গণতান্ত্রিক ছাত্রঐক্য এবং ছাত্রনেতা আনসারী আহত হওয়ার প্রতিবাদে ছাত্রলীগ (আ-অ) গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল-সমাবেশ করেছে।

এ ছাড়া গতকাল ক্যাম্পাস পরিস্থিতি মোটামুটি শান্ত ছিলো। কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। তবে চাপা উত্তেজনা বিরাজ করছিলো।

**জাতীয়তাবাদী ছাত্রদল :** ডাকসু ভবনের সামনে জাতীয়তাবাদী ছাত্রদলের সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা নাজিমুদ্দীন আলম, ইলিয়াস আলী ও আলী আকাস নাদিম। নেতারা গত মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টির জন্যে ছাত্রলীগকে (আ-অ) দায়ী করেন। তারা বলেন, 'গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক ভিত্তি দেয়ার জন্যে জাতীয়তাবাদী দলের সরকার যখন আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে, তখন মুজিববাদীরা বার বার সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টির মাধ্যমে এই গণতান্ত্রিক প্রক্রিয়াকে নস্যাৎ করার ধ্বংসাত্মক খেলায় মেতে উঠেছে।

**ছাত্রলীগ (আ-অ) :** অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত আওয়ামী লীগ সমর্থক ছাত্রলীগের (আ-অ) সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা অসীম কুমার উকিল ও গোলাম মোস্তফা সুজন। পুলিশ কর্তৃক ছাত্রলীগ (আ-অ) নেতা কামরুজ্জামান আনসারী আহত হবার প্রতিবাদে অনুষ্ঠিত এ সমাবেশে নেতারা বলেন, 'অত্যাচার, নিপীড়ন চালিয়ে বঙ্গবন্ধুর সৈনিকদের স্তব্ধ করা যাবে না। নেতারা বর্তমান সরকারকে হুঁশিয়ার করে দিয়ে বলেন, গণতান্ত্রিক আচরণ করুন, নইলে দুর্বার গণআন্দোলনের মুখে আপনাদের পতন কেউ ঠেকাতে পারবে না।'

**গণতান্ত্রিক ছাত্রঐক্য :** মধুর ক্যান্টিনের সামনে অনুষ্ঠিত গণতান্ত্রিক ছাত্রঐক্যের সমাবেশে বক্তৃতা করেন জোটনেতা রোকনুজ্জামান রোকন, শামিমুল ইসলাম শিমুল এবং উদয়পাল। নেতারা একটি ছাত্র সংগঠন কর্তৃক গত মঙ্গলবার ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির বিরুদ্ধে তীব্র নিন্দা জানান। তারা হুঁশিয়ার করে দিয়ে বলেন, আর যদি সন্ত্রাস হয়, আবার যদি ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার ষড়যন্ত্র চলে, তবে সাধারণ ছাত্রসমাজকে সঙ্গে নিয়ে গণতান্ত্রিক ছাত্রঐক্য প্রতিরোধ গড়ে তুলবে।